সংবাদ

098

তারিখ … 3।5।84 … …
পৃষ্ঠা… … … …কলাম… … …

# আবদুল্লাহ-আল-মুতী'র সংবর্ধনা



"যা লিখি তা পড়ে যদি ছোটরা আনন্দ পায় তবে আমি সবচেয়ে খুশী হই"-একথা বলেছেন ডঃ আবদুল্লাহ আল-মুতী শরফুদ্দীন খেলাঘরের ভাইবোনদের দেয়া এক সম্বর্ধনা অনুষ্ঠানে। ভাইবোনদের স্বতস্ফূর্ত আনন্দে শিশু একাডেমীর সেমিনারকক্ষে অনুষ্ঠিত সম্বর্ধনা অনুষ্ঠানটি প্রাণবন্ত হয়ে উঠেছিল। ছোটদের প্রিয় বিজ্ঞান লেখক আবদুল্লাহ-আল-মুতীর ইউনেস্কোর কলিঙ্গ পুরস্কার বিজয়ে খেলাঘরের ভাইবোনরাও গর্বিত ও উৎসাহিত হয়েছিল। মুতী ভাইয়ের সম্বর্ধনার খবর পেয়ে ঢাকা মহানগরীর প্রায় সব আসরের ভাইবোনরাই এসেছিল ফুলের মালা ও তোড়া নিয়ে তাদের অনাবিল আনন্দের উষ্ণ শুভেচ্ছা জানাতে। জ্ঞানী-গুণী অনেক সুধীজনের মধ্যে ছোটদের প্রাধান্য বেশী থাকায় বড়দের উপযোগী বিজ্ঞানভিত্তিক আলোচনা থাকলেও তা ছোটদের উপযোগী আলোচনায় রূপান্তরিত হয়। খেলাঘর কেন্দ্রীয় কমিটির সভাপতিমণ্ডলীর সদস্য ডক্টর আলী আসগরের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সম্বর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিশিষ্ট বিজ্ঞানী ও লেখক প্রফেসর আবদুল জব্বার। অনুষ্ঠানের প্রথমে ভাইবোনরা মুহুর্মুহু করতালির মাধ্যমে ডঃ আবদুল্লাহ আল মুতীকে ফুলের মালা ও তোরা উপহার দেয়। ভাইবোনদের করতালি আর উল্লাসে পরিবেশটি হয়ে ওঠে আনন্দ মুখর। ছোটদের পক্ষ থেকে শুভেচ্ছা বক্তব্য রাখে ফুলদল খেলাঘর আসরের ভাই নিজামুদ্দিন আহমেদ। খেলাঘর কেন্দ্রীয় কমিটির পক্ষ থেকে শুভেচ্ছা জানিয়ে বক্তব্য রাখে সাধারণ সম্পাদক জনাব কামাল চৌধুরী। এরপর শুরু হয় আবদুল্লা আল-মুতীর প্রকাশিত বই-এর ওপর আলোচনা। তার প্রকাশিত বইগুলো নিয়ে অত্যন্ত সুন্দর ও সহজভাবে ভাইবোনদের উপযোগী করে আলোচনা করেন বিশিষ্ট লেখক অধ্যাপক আবদুল হালিম। তিনি বলেন, আব্দুল্লাহ আল-মুতী বিজ্ঞানকে অত্যন্ত বস্তুনিষ্ঠ ও সহজভাবে সাধারণ মানুষের কাছে উপস্থাপন করেছেন তার বইয়ের মাধ্যমে। তিনি লেখনীর মাধ্যমে বিজ্ঞানকে সাধারণ মানুষের কল্যাণে প্রয়োগের পক্ষে এবং যুদ্ধবাজদের বিরুদ্ধে জনমত সৃষ্টি করেছেন। এছাড়াও তার বইয়ের উপর আলোচনা করেন খেলাঘর কেন্দ্রীয় কমিটির সভাপতিমণ্ডলীর সদস্য অধ্যাপিকা মাহফুজা খানম। বড়দের আলোচা শেষ হলে একটি ছোটবোন মুতী ভাইয়ের লেখা নিয়ে আলোচনা করতে চায়। বিহঙ্গ খেলাঘর আসরের বোন বাপী লেখকের 'রহস্যের সন্ধানে' প্রবন্ধটি নিয়ে দু'চার কথা বলে। বড়দের মধ্যে ছোটদের এই আলোচনা সবাইকে বেশ আনন্দ দেয়। প্রধান অতিথির ভাষণে প্রফেসর আবদুল জব্বার বলেন, আবদুল্লাহ আল মুতী তার লেখায় ছোটদেরকে খেলার ছলে বিজ্ঞানের বিশাল পরিমণ্ডলে নিয়ে এসেছেন। এরপর আবদুল্লাহ আল মুতী সম্বর্ধনার জবাব দিতে বক্তৃতার নির্ধারিত স্থান থেকে সরে এসে ভাইবোনদের কাছাকাছি দাঁড়িয়ে বলতে শুরু করেন। এতে ভাইবোনরা ভীষণ আনন্দিত হয়। আব্দুল্লাহ আল-মুতী বলেন, ছোটদের সাথে আমার সম্পর্ক দীর্ঘকালের-এ সম্পর্ক আমি বজায় রাখার চেষ্টা করেছি ছোটদের কাছে কিছু বলার চেষ্টা করে। তাদের কাছে শিখেছি অনেক। এরপর সভাপতি ডক্টর আলী আসগরের আলোচনার পর সভার সমাপ্তি হয়।